অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মনরো কাউন্টিতে ফ্রান্সেস অ্যাপার্টমেন্ট II খোলার ঘোষণা দিয়েছেন

12.8 মিলিয়ন মার্কিন ডলারের, 48-অ্যাপার্টমেন্টের সাশ্রয়ী আবাসন উন্নয়ন সুইডেন শহরে সহায়ক সেবা প্রদান প্রদান করে

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ মনরো কাউন্টির সুইডেন শহরে ফ্রান্সেস এপার্টমেন্ট কমপ্লেক্সের দ্বিতীয় পর্যায়ের সমাপ্তি ঘোষণা করেছেন। নতুন 12.8 মিলিয়ন মার্কিন ডলারের এই উন্নয়ন প্রকল্পটি 48টি সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করেছে, যেখানে আটটি অ্যাপার্টমেন্ট রয়েছে, যাদের স্বাধীনভাবে বসবাসের জন্য সহায়ক সেবা প্রয়োজন।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী বসবাসের জন্য জন্য একটি নিরাপদ, সন্তোষজনক ও সাশ্রয়ী মূল্যের জায়গার দাবিদার," **গভর্নর কুওমো বলেন**। "এই নতুন সহায়ক আবাসন উন্নয়ন প্রকল্পটি স্টেটজুড়ে কমিউনিটিগুলিতে আমাদের অব্যাহত প্রচেষ্টা এবং বিনিয়োগের উপর ভিত্তি করে সুরক্ষিত এবং সহায়ক পরিষেবার চাহিদা অনুযায়ী 48টি উন্নত মানের এপার্টমেন্ট সুবিধা প্রাপ্তি নিশ্চিত করে।"

ফ্রান্সেস এপার্টমেন্টস II হলো স্টেটের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলারের মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রাপ্তির পাশাপাশি আরও 100,000টি সাশ্রয়ী বাড়িঘর নির্মাণ এবং 6,000টি সহায়ক সেবা প্রদান নিশ্চিতসহ সেগুলো সংরক্ষণের মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য এবং গৃহহীনতার বিরুদ্ধে লড়াইয়ের জন্য পাঁচ বছরের আবাসন পরিকল্পনা প্রণয়ন গভর্নর কুওমোর প্রতিশ্রুতির একটি অংশ।

"প্রত্যেকের মাথার উপর ছাদ থাকার উপযুক্ততা রয়েছে এবং জীবনযাত্রার মান উন্নয়নে সাহায্য করার জন্য তারা প্রয়োজনীয় সহায়য়ক সেবা পাওয়ার যোগ্য।" **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ফ্রান্সেস অ্যাপার্টমেন্টের II পর্যায় সম্পন্ন করা নিরপেক্ষতা এবং সম্পৃক্ততার একটি প্রমাণ যা আমাদের মূল্যবোধের প্রতিফলন হিসেবে কাজ করে, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে সাশ্রয়ী মূল্যের

আবাসন প্রকল্প তৈরি এবং সেগুলো সংরক্ষণ করা। নিউ ইয়র্ক আমাদের কমিউনিটির মধ্যে বিনিয়োগের ধারা অব্যাহত রাখার পাশাপাশি অর্থনীতিকে পূর্বের থেকে আরো চাঙ্গা এবং শক্তিশালী করতে - এবং ভবিষ্যতে আরো বেশি সুযোগ সৃষ্টি করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

ফ্রান্সেস অ্যাপার্টমেন্ট II হলো 24টি এক-বেডরুমএপার্টমেন্ট এবং 24টি তিন-বেডরুম এপার্টমেন্ট বিশিষ্ট ছয়টি দ্বিতল বিশিষ্ট ভবন। যে সমস্ত পরিবারের আয় এলাকা ভিত্তিক মধ্যম আয় (Area Median Income, AMI)-এর 50 শতাংশ তাদের জন্য দশটি এবং যে সমস্ত পরিবারের আয় এলাকা ভিত্তিক মধ্যম আয় (AMI)-এর 60 শতাংশ তাদের জন্য 38টি ইউনিট নির্ধারণ করা হয়েছে। সহায়ক সেবায় প্রোজন এমন ব্যক্তিদের জন্য আটটি অ্যাপার্টমেন্ট আলাদা করা হয়েছে।

কমপ্লেক্সের প্রথম পর্যায়ে, 56 ইউনিট ফ্রান্সেস অ্যাপার্টমেন্ট, অক্টোবর 2017 সালে খোলা হয় এবং HCR ও স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (State Office for People With Developmental Disabilities) দ্বারা অর্থায়ন করা হয়। বর্তমানে সম্পূর্ণ কমপ্লেক্সে 104টি অ্যাপার্টমেন্ট রয়েছে, যার মধ্যে 22টি সহায়ক আবাসন ইউনিট যা লাইফ অ্যাসিস্ট্যান্স, ইনকর্পোরেটেড, গ্রেটার রচেস্টারের বৃহত্তম এজেন্সি যারা শিশু এবং উন্নতি দরকার এমন প্রতিবন্ধীদের সেবা প্রদানকারী প্রতিষ্ঠান।

বিশিষ্ট ব্রকপোর্টের বাসিন্দা ফ্রান্সেস "ফ্যানি" ব্যারিয়ার উইলিয়ামস (1855-1944), পণ্ডিত, শিল্পী, সুফ্রাজিস্ট এবং সামাজিক ন্যায়বিচারের পথপ্রদর্শক যিনি প্রথম আফ্রিকান আমেরিকান যিনি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY) ব্রকপোর্ট থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন কমপ্লেক্সটি তার নাম অনুসারে তৈরি।

লাইফটাইম অ্যাসিস্ট্যান্স, ইনকর্পোরেটেড এবং রচেস্টারের কর্নারস্টোন গ্রুপ, লিমিটেড ফ্রান্সেস এপার্টমেন্ট II-এর সহ-ডেভেলপার।

12.8 মিলিয়ন মার্কিন ডলারের ফ্রান্সেস এপার্টমেন্ট II-এর জন্য HCR তহবিল লো ইনকাম ট্যাক্স ক্রেডিট ইকুইটিতে 9.5 মিলিয়ন মার্কিন ডলার এবং 2.2 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি অন্তর্ভুক্ত। এছাড়াও নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) তাদের লো-রাইজ রেসিডেন্সিয়াল নিউ কনস্ট্রাকশন প্রোগ্রাম (Low-rise Residential New Construction Program)-এর মাধ্যমে তহবিল সরবরাহ করেছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation, CPC) নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ডের সাথে অংশীদারিত্বের মাধ্যমে প্রকল্পের জন্য 660,000 মার্কিন ডলারের স্থায়ী অর্থায়ন প্রদান করে এবং মনরো কাউন্টি হোম তহবিলে 200,000 মার্কিন ডলারের অবদান রাখে।

ফিঙ্গার লেক অঞ্চলে প্রায় 7,500 সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং এপার্টমেন্ট তৈরি বা সংরক্ষণ করতে 2011 সাল থেকে HCR, 627 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করেছে, যার মধ্যে রয়েছে 13,000 এরও বেশি লোকের জন্য প্রায় 5,200 বাড়িগুলিতে সহায়তার জন্য মনরো কাউন্টিতে

443 মিলিয়ন মার্কিন ডলার এবং অন্যান্য উৎস থেকে তহবিলে 566 মিলিয়ন মার্কিন ডলারের লিভারেজ।

HCR কমিশনার রুথান ভিসনসকাস বলেন, "গভর্নর কুওমো তার প্রশাসনে স্টেটজুড়ে সহায়ক আবাসন নির্মাণের প্রতি অগ্রাধিকার দিয়েছেন যা নিউ ইয়র্কবাসীদের তাদের নিজ নিজ বাড়িতে মর্যাদা এবং স্বাধীনতার সাথে বসবাস করার সুযোগ করে দেয়। পর্যায় II সম্পন্ন হওয়ার সাথে সাথে, ফ্রান্সেস এপার্টমেন্ট কমপ্লেক্স এখন মনরো কাউন্টিতে বিশেষ চাহিদা সম্পন্ন পরিবার এবং প্রাপ্তবয়স্কদের জন্য 104টি সাশ্রয়ী মূল্যের বাড়ি সরবরাহ করেছে। এই জনস্বাস্থ্যকালীন জরুরি অবস্থার সময়, এটি আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ যে আমরা নতুন আবাসন ব্যবস্থা তৈরি করতে থাকি এবং মানুষকে তাদের নিরাপদ এবং সুরক্ষিত থাকার জন্য প্রয়োজনীয় সম্পদ প্রদান করি। এই সুন্দর নতুন সহায়ক উন্নয়ন প্রকল্পটি সম্পন্ন করার জন্য আমাদের সকল অংশীদারকে অভিনন্দন জানাই।

NYSERDA এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের জন্য এনার্জি কার্যকরী এবং সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের জন্য এই ধরনের অব্যবহৃত সাইটগুলোকে ব্যবহার করা হচ্ছে স্টেটজুড়ে কমিউনিটির জন্য একটি জয় এবং গভর্নর কুওমোর পরিচ্ছন্ন শক্তি এবং জলবায়ু নেতৃত্বের অধীনে অগ্রাধিকার। সমস্ত নিউ ইয়র্কবাসীদের স্টেটীয় বিনিয়োগ থেকে উপকৃত হওয়ার সুযোগ বাড়িয়ে এমন সমাধান চিহ্নিত করা এবং সরবরাহ করা যা ক্ষতিকর গ্যাসের মাত্রা কমিয়ে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ের একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং আমি এই মাইলফলকের জন্য ফ্রান্সেস অ্যাপার্টমেন্টকে অভিনন্দন জানাচ্ছি।"

OPWDD কমিশনার থিওডোর এ. কাস্টনার, বলেন, "OPWDD প্রতিনিয়ত উন্নতি দরকার এমন প্রতিবন্ধী ব্যক্তিদের তাদের কমিউনিটির মধ্যে স্বাধীনভাবে বসবাসের সুযোগ প্রদানের চেষ্টা করে থাকে, যাতে তারা সফল হতে নিজেকে সাহায্য করতে পারে। গভর্নর কুওমোর পাঁচ বছরের আবাসন পরিকল্পনার অংশ হিসেবে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য, এই এপার্টমেন্টগুলোর মধ্যে আটটি এবং নির্মাণের প্রথম পর্যায়ে 4টি, উন্নতি দরকার এমন প্রতিবন্ধীদের তাদের কমিউনিটির মধ্যে একটি নিরাপদ, সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য বাড়ি প্রদান করবে।"

সিনেটের রিপাবলিকান নেতা রব অরট বলেন, "ফ্রান্সেস II এপার্টমেন্টগুলির নির্মাণে একটি পরিপূর্ণ এবং চমৎকার সাফল্য হয়েছে। কমপ্লেক্সের প্রতিটি এপার্টমেন্ট শুধুমাত্র চাহিদাসম্পন্ন ব্যক্তির জন্য ভাড়া নেওয়া হয়নি বরং প্রকল্পটি সময়মতো এবং বাজেটের অধীনে সম্পন্ন করা হয়েছে। লাইফটাইম অ্যাসিস্ট্যান্স, ইনকর্পোরেটেড এবং কর্নারস্টোন, লিমিটেড আমাদের উন্নতি দরকার এমন প্রতিবন্ধী সম্প্রদায়ের সদস্যদের জন্য চমৎকার কাজ চালিয়ে যাচ্ছে এবং সেইসাথে এই প্রকল্পকে এগিয়ে নিয়ে যেতে পেরে আমি গর্বিত। প্রত্যেকেরই এমন একটি কমিউনিটিতে থাকা উচিত যেখানে তারা স্বাগত অনুভব করবে এবং এমন একটি জায়গা পাওয়ার সুযোগ থাকবে যেটাকে তারা বাড়ি বলে পরিচয় দিতে পারবে। আসুন আমরা সবাই আশা করি অদূর ভবিষ্যতে এই ধরনের আরো প্রকল্প দেখার এবং ফ্রান্সেস II এপার্টমেন্টের কাজ স্টেটের অন্যদের জন্য একটি নীলনকশা হিসেবে কাজ করবে।"

অ্যাসেম্বলিম্যান স্টিভেন হাওলি বলেন, "আমি এই গুরুত্বপূর্ণ সহায়ক জীবনযাত্রার ফ্যাসিলিটিগুলোর উন্নয়ন দেখে রোমাঞ্চিত এবং এই আবাসন প্রকল্পগুলো যেভাবে কমিউনিটি গ্রহণ করেছে তা দেখে আমি আরো বেশি রোমাঞ্চিত। এই প্রকল্পটি শুধুমাত্র এই অঞ্চলের অর্থনীতিই নয় বরং এর কেন্দ্রগুলোও উপকৃত হবে; যেসব কমিউনিটি একসাথে কাজ করছে এবং একে অপরকে খুঁজছে তারা আপেল পাই-এর মত আমেরিকান, এবং আমি এই সম্প্রদায়ের জন্য গর্বিত।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ এডাম বেল্লো বলেন, "আমাদের কমিউনিটিকে শক্তিশালী করতে সবার জন্য সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য আবাসন ব্যবস্থা অপরিহার্য। "মনরো কাউন্টির সমস্ত বাসিন্দা বসবাস করার জন্য একটি নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের আবাসন সুবিধা পাওয়ার জন্য যোগ্য। যারা শ্রবণ/দৃষ্টিপ্রতিবন্ধী, যাদের শারীরিক প্রতিবন্ধীতা বা মস্তিষ্কে মর্মান্তিক আঘাত রয়েছে তাদেরকে এই সমন্বিত, সহায়ক মিশ্র আয়ের হাউজিং কমিউনিটি প্রদানের জন্য আমি লাইফটাইম হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপকে ধন্যবাদ জানাই। আমি খুশি যে মনরো কাউন্টি এই উন্নয়ন কর্মকাণ্ডের অংশ ছিল এবং গভর্নর কুওমো, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং সকল কমিউনিটি ও সরকারি অংশীদারদের দ্বারা ফ্রান্সেস এপার্টমেন্ট বাস্তবায়নে সহায়তার জন্য কৃতজ্ঞ।"

টাউন অব সুইডেন সুপারভাইজার কেভিন জনসন বলেন, "পাঁচ বছরের মধ্যে দ্বিতীয়বারের মতো রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপ সুইডেন শহরে একটি আধুনিক, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্প নিয়ে এসেছে। লাইফটাইম অ্যাসিস্ট্যান্সের সাথে অংশীদারিত্বের মানে হচ্ছে যে আমাদের বাসিন্দাদের জন্য আরো সমন্বিত আবাসন সুবিধা রয়েছে। ফ্রান্সেস II একটি সুপরিকল্পিত, নিয়ন্ত্রিত প্রকল্প যা আমাদের কমিউনিটির জন্য একটি স্বাগতপূর্ণ সংযোজন।"

লাইফটাইম অ্যাসিস্ট্যান্স ইনকর্পোরেটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা জেমি ব্র্যান্সিফোর্টে বলেন, "এই প্রকল্প অনেক কারণে স্মরণীয়। আমাদের অগ্রগামী পরিচালনা পর্ষদ এবং লাইফটাইম লিডারশিপ টিম এবং নির্মাতা, স্থপতি, প্রকৌশলী ও সেবা প্রদানকারীদের অসাধারণ দলটিকে ধন্যবাদ, আমরা সময়সূচি অনুযায়ী এবং বাজেটের অধীনে এই প্রকল্পটি সম্পন্ন করেছি, যা সঠিক সময়ে সম্পন্ন করা যথেষ্ট কঠিন কিন্তু বিশেষ করে মহামারীর সময় যখন আমাদের পৃথিবীর অনেক কিছু বন্ধ হয়ে ছিল। এটি আমাদের সকল অংশীদারদের অঙ্গীকার নিয়ে কথা বলে। সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণ সম্পন্নে যারা সাহায্য করেছে এবং সমন্বিত সাশ্রয়ী আবাসনের বর্ধিত চাহিদা পূরণে যারা কঠোর পরিশ্রম করছে তাদের সকলের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ। আমরা পরিবার, অবিবাহিত এবং প্রতিবন্ধীদের নিয়ে একসাথে একটি ব্যতিক্রমী আন্তঃপ্রজন্মের কমিউনিটি তৈরি করেছি।"

রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপের প্রেসিডেন্ট রজার ডব্লিউ. ব্র্যান্ডট জুনিয়র বলেন, "কর্নারস্টোন এবং লাইফটাইম অ্যাসিস্ট্যান্স একটি অত্যন্ত সফল উন্নয়নের দ্বিতীয় পর্যায় হস্তান্তর করতে পেরে আনন্দিত, যেখানে ইতোমধ্যে ভবিষ্যতের বাসিন্দাদের একটি দীর্ঘ অপেক্ষমাণ তালিকা রয়েছে। সময় ও বাজেট অনুযায়ী সুইডেন শহরে উন্নত মানের সাশ্রয়ী মূল্যের আবাসনের 44টি

অতিরিক্ত ইউনিট নির্মাণে দলটি মহামারি এবং শ্রম প্রাপ্তির চ্যালেঞ্জিং সময়ের মধ্যেও একসাথে কাজ করেছে।"

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশনের মিরিয়াম জিন্টার মর্টগেজ অফিসার বলেন, "CPC-তে আমরা বিশ্বাস করি যে মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন ব্যবস্থা হলো মজবুত ও প্রাণবন্ত কমিউনিটি তৈরি করার ভিত্তি। ফ্রান্সেস এপার্টমেন্ট II এনার্জি কার্যকরী, সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য সুইডেন শহরে একটি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করে যাতে বেশ কিছু এপার্টমেন্ট রয়েছে যা প্রতিবন্ধী বাসিন্দাদের অনন্য চাহিদা পূরণ করে। আমি লাইফটাইম অ্যাসিস্ট্যান্সে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই কমিউনিটির প্রতি তাদের দৃষ্টিভঙ্গি এবং নিষ্ঠার জন্য এবং কম্পট্রোলার ডিনাপোলি ও স্টেটের কমন রিটায়ারমেন্ট ফান্ডে আমাদের তহবিল অংশীদারদের সাশ্রয়ী মূল্যের আবাসনে বিনিয়োগ করার অঙ্গীকারের জন্য।"

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদনও আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্পসমূহ এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###